

মৌলভীবাজার সদর উপজেলাধীন পাথওয়ে (এনজিও) কার্যালয় পরিদর্শন প্রতিবেদন

জুন ১২, ২০১৭ তারিখ মৌলভীবাজার সদর উপজেলাধীন পাথওয়ে (এনজিও) পরিদর্শন করা। পরিদর্শনকালে উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ মনিরুজ্জামান; সহকারী কমিশনার (ভূমি) জনাব এ এইচ এম আরিফুল ইসলাম; জনাব মোহাম্মদ কামরুল হোসেন চৌঃ; সহকারী কমিশনার ও বিজ্ঞ এন্ট্রিকিউটিভ ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার; জনাব মোঃ কিবরিয়া হোসেন, এন্ট্রিকিউটিভ অফিসার, প্রধান কার্যালয়, পাথওয়ে, ঢাকা, জনাব মোঃ নুরুল হুদা, চীফ এডভাইজার, প্রধান কার্যালয়, পাথওয়ে, ঢাকা এবং এ সংস্থার প্রোগ্রাম কো-অর্ডিনেটর জনাব শাহেদ বখশ, মাঠকর্মী মুক্তা মালাকারসহ অন্যান্য কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

সংস্থার লক্ষ্যঃ পাথওয়ে একটি অলাভজনক, অরাজনৈতিক ও অসম্প্রদায়িক সংগঠন। যার লক্ষ্য হচ্ছে বিভিন্ন সম্প্রদায়ের দুঃস্থ মহিলাদের জীবন মান উন্নয়ন করা।

ভৌগোলিক এলাকাঃ সারা দেশ


ক্রমিক নং	রেজিস্ট্রেশন কর্তৃপক্ষ	রেজিস্ট্রেশন এবং তারিখ	নবায়ন
০১	এনজিও অধিদপ্তর, ঢাকা	৭৭৮, ২০/১১/১৯৯৩	২৭/১১/২০১৮ পর্যন্ত
০২	জয়েন্ট স্টক কোম্পানী এন্ড ফার্মস, ঢাকা	এস-১৪৯৬(৫৬)/১৯৯২, ২৫/০৭/১৬	--
০৩	সমাজসেবা অধিদপ্তর, ঢাকা	ঢ-০২৮৫১	--

কর্মশীলকঃ মৌলভীবাজার সদর ও রাজনগর উপজেলায় এ সংস্থা কার্যক্রম পরিচালনা করে আসছে।

মৌলভীবাজার-রাজনগর উপজেলা কার্যক্রম সমূহঃ

- ০১) বিভিন্ন সম্প্রদায়ের দুঃস্থ মহিলাদের জীবন মান উন্নয়ন, দক্ষতামূলক প্রশিক্ষণ, নারীর ক্ষমতায়ন, ব্যক্তিগত স্বাস্থ্য পরিষ্কার পরিচ্ছন্নতা, মা ও শিশুর স্বাস্থ্য, খাদ্য ও পুষ্টি, এইচআইভি এইডস, বসতবাড়ী পরিদর্শন ও দল গঠন, উদ্যোক্তা উন্নয়ন, আয় বর্ধক বিভিন্ন কার্যক্রম যেমন বাড়ির পাশে সবজি চাষ, হাঁস মুরগী পালন, গরু মোটা তাজাকরণ, ছাগল পালন ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়।
- ০২) সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিস, মহিলা বিষয়ক অধিদপ্তর এবং ইউনিয়ন পরিষদের সাথে সমন্বয় করে দুঃস্থ মহিলাদের তালিকা সংগ্রহ এবং চাল বিতরণ করা।
- ০৩) প্রত্যেক দুঃস্থ মহিলাদের কাছ থেকে প্রতিমাসে ২০০/- টাকা করে সঞ্চয় সংগ্রহ এবং এর বিপরীতে প্রতি মাসে ৩০ কেজি করে চাল সরবরাহ করা।

সার্বিক মন্তব্যঃ সার্বিক বিবেচনায় এ সংস্থার কার্যক্রম সন্তোষজনক।



(মোঃ তোফায়েল ইসলাম)

জেলা প্রশাসক

মৌলভীবাজার


dcmoulvibazar@mopa.gov.bd

তারিখঃ ১৪ আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ  
২৫ জুন ২০১৮ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর ০৫.৪৬.৫৮০০.০০১.১৬.০০৪.১৮. ৪৪০

বিতরণঃ

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক (অতিরিক্ত সচিব), এনজিও বিষয়ক ব্যুরো, প্রধানমন্ত্রীর কার্যালয়, ১৩ শহীদ ক্যাপটেন মনসুর আলী সরগী, মৎস্য ভবন (১০ম তলা), রমনা, ঢাকা ১০০০।
৩. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৪. বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মৌলভীবাজার।
৫. উপজেলা নির্বাহী অফিসার, মৌলভীবাজার সদর।
৬. জনাব শাহেদ বখশ, প্রোগ্রাম কো-অর্ডিনেটর, চাদনীঘাট, মৌলভীবাজার সদর উপজেলা, মৌলভীবাজার।

  
জেলা প্রশাসক  
মৌলভীবাজার